रेलवे भर्ती बोर्ड / RAILWAY RECRUITMENT BOARDS
सीईएन - 04/2026 - जेई, डीएमएस, सीएमए - CEN - 04/2026 - JE, DMS, CMA

Test Date	28/10/2026
Test Time	12:45 PM - 2:15 PM
Subject / Exam Group	RRB JE DMS CMA CBT I

*** Note**
Correct Answer will carry 1 mark per Question.
Incorrect Answer will carry 1/3 Negative mark per Question.

1. Options shown in green color with a tick icon are correct.
2. Chosen option on the right of the question indicates the option selected by the candidate.

Section : **RRB JE DMS CMA CBT I**

Q.1 **প্রশমন বিক্রিয়ায় অ্যাসিড ও ক্ষারকের বিক্রিয়ায় কী উৎপন্ন হয়?**

Ans
✗ 1. লবণ ও গ্যাস
✗ 2. শুধুমাত্র লবণ
✓ 3. লবণ ও জল
✗ 4. শুধুমাত্র জল

Q.2 **একটি পাইপ 23 মিনিটে একটি ট্যাঙ্ককে ভর্তি করতে পারে এবং অন্য একটি পাইপ 92 মিনিটে ভর্তি ট্যাঙ্কটিকে খালি করতে পারে। ট্যাঙ্কটি খালি থাকা অবস্থায় যদি দু'টি পাইপকেই একসঙ্গে চালু করা হয়, তবে ট্যাঙ্কটির তিন-চতুর্থাংশ ভর্তি হতে কত মিনিট সময় লাগবে?**

Ans
✗ 1. 19
✗ 2. 25
✗ 3. 21
✓ 4. 23

Q.3 **2015 সালে রাষ্ট্রপুঞ্জ সাধারণ পরিষদ কর্তৃক গৃহীত টেকসই উন্নয়নের জন্য 2030 এজেন্ডা (*The 2030 Agenda for Sustainable Development*) কতগুলি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) নিয়ে গঠিত?**

Ans
✗ 1. 15
✗ 2. 20
✗ 3. 8
✓ 4. 17

Q.4 **ইলেকট্রন চলাচলের প্রেক্ষিতে কোন বিবৃতিটি একটি বিজারণ বিক্রিয়াকে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?**

Ans
✗ 1. বিজারণে একটি পদার্থ প্রোটন গ্রহণ করে।
✗ 2. বিজারণে একটি পদার্থ ইলেকট্রন বর্জন করে।
✓ 3. বিজারণে একটি পদার্থ ইলেকট্রন গ্রহণ করে।
✗ 4. বিজারণে ইলেকট্রন সংখ্যার কোনো পরিবর্তন হয় না।

Q.5 **যদি $-6p - 2q - r = -17$, $5p + q - 6r = 19$ এবং $-4p - 6q - 6r = -20$ হয়, তাহলে $p + q + r^2$ এর মান কত?**

Ans
✗ 1. 8
✓ 2. 6
✗ 3. 4
✗ 4. 5

Q.6 নিচের কোন প্রাকৃতিক ঘটনাটিতে কাচের প্রিজমের মতোই সূর্যের আলোর প্রতিসরণ এবং বিচ্ছুরণ ঘটে?

Ans
✗ 1. সূর্যালোকের সংস্পর্শে কালো পৃষ্ঠতলের উত্তপ্ত হওয়া
✓ 2. বৃষ্টির পর রামধনু সৃষ্টি
✗ 3. সমতল দর্পণে আপনার মুখমণ্ডলের প্রতিফলন
✗ 4. একটি অস্বচ্ছ বস্তু দ্বারা ছায়া গঠন

Q.7 বিকল্পগুলি থেকে, নিচে প্রদত্ত জোড়া দু'টির মতো অনুরূপ বিন্যাস অনুসরণকারী জোড়াটি চয়ন করুন। উভয় জোড়া অনুরূপ বিন্যাস অনুসরণ করে।
JJG : MHE
WTQ : ZRO

Ans
✗ 1. JKJ : MMH
✗ 2. KLH : MJF
✗ 3. GHO : JGM
✓ 4. RVL : UTJ

Q.8 ব্লিচিং পাউডার সম্পর্কে নিম্নলিখিত কোন বিবৃতিটি সঠিক?
(I) শুষ্ক কলিচুনের উপর দিয়ে ক্লোরিন গ্যাস চালনা করে এটি প্রস্তুত করা হয়।
(II) বস্ত্রশিল্পে সুতি এবং লিনেন ব্লিচ করার জন্য এটি ব্যবহৃত হয়।
(III) পানীয় জলকে জীবাণুমুক্ত করতে এটি ব্যবহার করা হয়।
(IV) কলিচুনের উপর দিয়ে কার্বন ডাই অক্সাইড চালনা করে এটি প্রস্তুত করা হয়।

Ans
✗ 1. কেবল I এবং II
✓ 2. কেবল I, II এবং III
✗ 3. কেবল II, III এবং IV
✗ 4. কেবল I, III এবং IV

Q.9 B, C, V, W, Y এবং Z প্রত্যেকে আলাদা নম্বর পেয়েছে। শুধুমাত্র দু'জন ব্যক্তি C এর চেয়ে বেশি নম্বর পেয়েছে। B এর চেয়ে কম নম্বর শুধুমাত্র V পেয়েছে। Y এর প্রাপ্ত নম্বর হল W এর চেয়ে বেশি, কিন্তু Z এর চেয়ে কম। কতজন ব্যক্তি Y এর চেয়ে বেশি নম্বর পেয়েছে?

Ans
✗ 1. তিন
✗ 2. চার
✗ 3. দুই
✓ 4. এক

Q.10 অন্তঃনিষেক সরীসৃপ, পাখি এবং স্তন্যপায়ী প্রাণীদের কীভাবে সুবিধা প্রদান করে?

Ans
✓ 1. এটি ভ্রূণকে (embryo) সুরক্ষা প্রদানের মাধ্যমে অপত্যদের বেঁচে থাকার সম্ভাবনা বৃদ্ধি করে
✗ 2. এটি প্রজনন বা মিলনের সময় নিষেক প্রক্রিয়ার গতি ত্বরান্বিত করে
✗ 3. এটি বিভিন্ন বৈচিত্র্যবিশিষ্ট প্রাণীকে জলজ পরিবেশে বসতি স্থাপনে সক্ষম করে তোলে
✗ 4. এটি একবারে উৎপাদিত ডিমের মোট সংখ্যা বৃদ্ধি করে

Q.11 প্রদত্ত ক্রমটি দেখুন এবং নিচের প্রশ্নের উত্তর দিন। কেবল বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।
(বামদিক) **B M @ & X N X @ P + H K A D S S G B Q R $** (ডানদিক)
এমন কতগুলি চিহ্ন আছে, যার প্রতিটির ঠিক আগে একটি চিহ্ন এবং ঠিক পরে একটি বর্ণ আছে?

Ans
✓ 1. একটি
✗ 2. চারটি
✗ 3. তিনটি
✗ 4. দুইটি

Black book

Q.12 একটি সমুদ্রবিজ্ঞান গবেষণা জাহাজ, নদীর স্রোতের অনুকূলে 84 km দূরত্ব অতিক্রম করে একটি নমুনা সংগ্রহ কেন্দ্রে পৌঁছাতে 6 ঘণ্টা সময় নেয়। স্রোতের প্রতিকূলে ফিরে আসার সময়, জাহাজটি তার গতির বিপরীত অভিমুখে 1 km/h বেগে প্রবাহিত একটি অতিরিক্ত জোয়ারের স্রোতের সম্মুখীন হয়, যার ফলে ওই 84 km ফিরে আসতে 14 ঘণ্টা সময় লাগে। স্থির জলে গবেষণা জাহাজটির গতিবেগ কত?

Ans
✗ 1. 11.5 km/h
✓ 2. 10.5 km/h
✗ 3. 12 km/h
✗ 4. 9.5 km/h

Q.13 এক ব্যক্তি ₹660 তে একটি মোবাইল ফোন বিক্রি করায় তার একটি নির্দিষ্ট পরিমাণ ক্ষতি হয়। যদি তিনি ফোনটি ₹14,400 তে বিক্রি করতেন, তাহলে তার আগে হওয়া ক্ষতির দ্বিগুণ লাভ হত। মোবাইল ফোনটির ক্রয়মূল্য (₹ তে) কত?

Ans
✗ 1. 4,840
✓ 2. 5,240
✗ 3. 5,440
✗ 4. 5,040

Q.14 একটি এস্কেলেটর 120 kg ভরের একটি ক্রেটকে 28 সেকেন্ডে 7.5 m উচ্চতায় উল্লম্বভাবে উপরে তোলে। ঘর্ষণের কারণে, এস্কেলেটরটি আদর্শ আউটপুট ক্ষমতার মাত্র 80% প্রদান করে। এস্কেলেটরটির প্রকৃত গড় আউটপুট ক্ষমতা কত? ($g = 9.8\ m/s^2$ ধরুন)

Ans
✗ 1. 282 W
✓ 2. 252 W
✗ 3. 315 W
✗ 4. 336 W

Q.15 Z হল Y এর বোন। Y হল P এর ভাই। F হল C এর বাবা। C হল P এর ছেলে। Z কীভাবে F এর সাথে সম্পর্কিত?

Ans
✓ 1. স্ত্রীর বোন
✗ 2. স্ত্রীর মা
✗ 3. বোন
✗ 4. মেয়ে

Q.16 একটি ক্রিকেট কিটের মুদ্রিতমূল্য ₹8000 হয়। যদি কোনো ডিলার প্রথমে 12% ছাড় এবং পরে হ্রাসকৃত মূল্যের উপর অতিরিক্ত 8% নগদ ছাড় পান, তবে ওই ডিলারকে কত অর্থ পরিশোধ করতে হবে?

Ans
✗ 1. ₹6560.80
✗ 2. ₹7360.08
✗ 3. ₹7040.80
✓ 4. ₹6476.80

Q.17 ভারতের 73তম সাংবিধানিক সংশোধনী আইনটি নিচের কোনটির সঙ্গে সম্পর্কিত?

Ans
✗ 1. বিচারিক পুনোর্বিলোকন
✗ 2. রাষ্ট্রপতির শাসন
✗ 3. আর্থিক জরুরী অবস্থা
✓ 4. পঞ্চায়েতি রাজ প্রতিষ্ঠান

Q.18 হিন্দুধর্মে পুনরায় ধর্মান্তরিত করার লক্ষ্যে পরিচালিত "শুদ্ধি আন্দোলন" (Shuddhi Movement) নিচের কোন সংগঠনটির একটি স্বতন্ত্র বৈশিষ্ট্য ছিল?

Ans
✗ 1. ব্রাহ্ম সমাজ
✓ 2. আর্য সমাজ
✗ 3. প্রার্থনা সমাজ
✗ 4. রামকৃষ্ণ মিশন

Black book

Q.19 9 cm ব্যাসার্ধের একটি নিরেট গোলককে গলিয়ে একটি শঙ্কু এবং একটি চোঙ গঠন করা হল। শঙ্কুটির ভূমির ব্যাসার্ধ 6 cm এবং চোঙটির ভূমির ব্যাসার্ধ 3 cm হয়। যদি শঙ্কুটির উচ্চতা চোঙটির উচ্চতার দ্বিগুণ হয়, তবে শঙ্কুটির উচ্চতা নির্ণয় করুন। (নিকটতম পূর্ণ সংখ্যার আসন্নমানে সেন্টিমিটারে নির্ণয় করুন।)

Ans
- ✗ 1. 65 সেমি
- ✗ 2. 54 সেমি
- ✓ 3. 59 সেমি
- ✗ 4. 63 সেমি

Q.20 প্রশ্নটি নিচে প্রদত্ত শব্দগুলির ভিত্তিতে তৈরি।
(বামদিক) WAG APE EEL PUP (ডানদিক)
ডানদিক থেকে প্রথম স্থানে থাকা শব্দটির দ্বিতীয় বর্ণ এবং বামদিক থেকে প্রথম স্থানে থাকা শব্দটির দ্বিতীয় বর্ণের মাঝে, ইংরাজি বর্ণমালাতে কতগুলি বর্ণ আছে?

Ans
- ✗ 1. 22
- ✗ 2. 18
- ✗ 3. 20
- ✓ 4. 19

Q.21 ছয়জন বন্ধু, D, E, F, W, X এবং Z, একটি বিল্ডিংয়ের ছ'টি ভিন্ন ফ্লোরে বাস করে। বিল্ডিংয়ের সবচেয়ে নিচের ফ্লোরটিকে 1 নম্বর, তার ঠিক উপরের ফ্লোরটিকে 2 নম্বর এবং এই ক্রমে সর্বোচ্চ ফ্লোরটিকে 6 নম্বর দ্বারা চিহ্নিত করা হয়।
E এবং Z এর মাঝে মাত্র দু'জন বাস করে। X বাস করে 1 নম্বর ফ্লোরে। F এবং D এর মাঝে মাত্র দু'জন বাস করে। X এবং D এর মাঝে মাত্র একজন বাস করে। E বাস করে D এর উপরের ফ্লোরে।
W এবং F এর মাঝে কতজন বাস করে?

Ans
- ✗ 1. দুই
- ✓ 2. এক
- ✗ 3. চার
- ✗ 4. তিন

Q.22 নমন বিন্দু A থেকে যাত্রা শুরু করে এবং পশ্চিমদিকে 12 km গাড়ি চালায়। এরপর সে বামদিকে বাঁক নিয়ে 14 km গাড়ি চালায়। সবশেষে সে ডানদিকে বাঁক নিয়ে 16 km গাড়ি চালিয়ে বিন্দু B তে থামে। পবন বিন্দু P থেকে যাত্রা শুরু করে যা বিন্দু A থেকে 13 km পূর্বদিকে অবস্থিত এবং পশ্চিমদিকে 13 km গাড়ি চালায়। তারপর বামদিকে বাঁক নিয়ে 14 km গাড়ি চালায়। সবশেষে সে ডানদিকে বাঁক নিয়ে 18 km গাড়ি চালায় এবং বিন্দু Q তে থামে। বিন্দু Q এবং বিন্দু B এর মধ্যে সর্বনিম্ন দূরত্ব কত? (নির্দিষ্টভাবে উল্লেখ করা না থাকলে, সকল বাঁক 90° ধরতে হবে।)

Ans
- ✗ 1. 8 km
- ✗ 2. 7 km
- ✓ 3. 10 km
- ✗ 4. 9 km

Q.23 দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময়, কোন দেশের প্রযুক্তিগত এবং আর্থিক সহযোগিতায় ছত্তিশগড়ে ভিলাই ইস্পাত কারখানাটি প্রতিষ্ঠিত হয়েছিল?

Ans
- ✓ 1. তৎকালীন সোভিয়েত ইউনিয়ন
- ✗ 2. পশ্চিম জার্মানি
- ✗ 3. জাপান
- ✗ 4. যুক্তরাজ্য

Q.24 D, E, F, G, U, V এবং W—এই সাতজন ব্যক্তি একটি সারিতে উত্তর দিকে মুখ করে বসে আছেন। F বসে আছেন W এর ঠিক বাম দিকে। E এবং W এর মাঝে মাত্র তিনজন ব্যক্তি বসে আছেন। D এবং F এর মাঝে মাত্র দুজন ব্যক্তি বসে আছেন। G বসে আছেন U এর ঠিক ডান দিকে। D এর ডান দিকে কেউ বসেনি।
V এবং G এর মাঝে কতজন ব্যক্তি বসে আছেন?

Ans
- ✗ 1. চার
- ✓ 2. দুই
- ✗ 3. তিন
- ✗ 4. এক

blackbook

Q.25 নিম্নলিখিত কোন সরকারি প্রকল্পটি, স্বনির্ভর গোষ্ঠীর মাধ্যমে গ্রামীণ মহিলাদের অতিক্ষুদ্র উদ্যোগগুলিতে (micro-enterprises) অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করে?

Ans
✔ 1. দীনদয়াল অন্ত্যোদয় যোজনা - জাতীয় গ্রামীণ জীবিকা মিশন
✘ 2. স্ট্যান্ড-আপ ইন্ডিয়া স্কিম
✘ 3. প্রধানমন্ত্রী কর্মসংস্থান সৃষ্টি কর্মসূচি
✘ 4. দীনদয়াল উপাধ্যায় গ্রাম জ্যোতি যোজনা

Q.26 একটি শহরের বর্তমান জনসংখ্যা 18,625 জন। প্রথম বছরে জনসংখ্যা 25% এবং দ্বিতীয় বছরে 24% বৃদ্ধি পায়, কিন্তু তৃতীয় বছরে 4% হ্রাস পায়। তৃতীয় বছরের শেষে শহরটির জনসংখ্যা কত হবে?

Ans
✔ 1. 27,714
✘ 2. 27,708
✘ 3. 27,724
✘ 4. 27,718

Q.27 যদি 'A' এর অর্থ '÷' হয়, 'B' এর অর্থ 'x' হয়, 'C' এর অর্থ '+' হয় এবং 'D' এর অর্থ '-' হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
124 A 4 C 32 B 6 D 27 =?

Ans
✘ 1. 200
✔ 2. 196
✘ 3. 198
✘ 4. 195

Q.28 একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,
A √ B এর অর্থ 'A হল B এর বাবা'
A ≠ B এর অর্থ 'A হল B এর স্ত্রী'
A ~ B এর অর্থ 'A হল B এর ছেলে'
A ¥ B এর অর্থ 'A হল B এর বোন'
উপরে দেওয়া শর্তের ভিত্তিতে, যদি 'B ≠ C ~ D √ K ¥ L' হয়, তাহলে B কীভাবে L এর সঙ্গে সম্পর্কিত?

Ans
✘ 1. স্ত্রীর ভাই
✔ 2. ভাইয়ের স্ত্রী
✘ 3. স্ত্রীর বোন
✘ 4. বোন

Q.29 একজন প্রস্তুতকারক বৃহৎ পরিসরে বেকিং সোডা উৎপাদন করতে চান। পরীক্ষাগারে এটি তৈরির প্রক্রিয়ায় কোন বিক্রিয়কগুলোর সংমিশ্রণ ব্যবহার করা উচিত?

Ans
✘ 1. দ্রবণে সোডিয়াম হাইড্রোক্সাইড এবং হাইড্রোক্লোরিক অ্যাসিড
✔ 2. জলে সোডিয়াম ক্লোরাইড, অ্যামোনিয়া এবং কার্বন ডাইঅক্সাইড
✘ 3. জলে ক্যালসিয়াম কার্বনেট এবং হাইড্রোক্লোরিক অ্যাসিড
✘ 4. শুষ্ক বাতাসে সোডিয়াম ক্লোরাইড এবং সালফিউরিক অ্যাসিড

Q.30 প্রদত্ত দুটি সেটের প্রতিটিতে, প্রথম সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে দ্বিতীয় সংখ্যাটি পাওয়া যায়। একইভাবে, দ্বিতীয় সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে তৃতীয় সংখ্যাটি পাওয়া যায় এবং এইভাবে সেটের বাকি সংখ্যাগুলিও পাওয়া যায়। প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি প্রদত্ত সেটগুলির মতো অনুরূপ গাণিতিক কার্যক্রম(সমূহ) অনুসরণ করে?
(দ্রষ্টব্য: গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করার জন্য, দুই বা তিন অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা যাবে না। অর্থাৎ, যদি 37 এর পরে 10 থাকে, তাহলে 37 এর ক্ষেত্রে 3 + 7 গাণিতিক কার্যক্রমটি সম্পাদন করা যাবে না, কারণ দুই অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা অনুমোদিত নয়।)
8 – 13 – 5 – 17; 6 – 11 – 3 – 11

Ans
✘ 1. 13 – 18 – 10 – 28
✘ 2. 4 – 9 – 17 – 53
✔ 3. 5 – 10 – 2 – 8
✘ 4. 17 – 12 – 4 – 14

black book

Q.31 DEFENDER শব্দটির প্রতিটি স্বরবর্ণকে (vowel) ইংরাজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার পরবর্তী দ্বিতীয় বর্ণ দিয়ে প্রতিস্থাপন করা হল এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) ইংরাজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার পূর্ববর্তী দ্বিতীয় বর্ণ দিয়ে প্রতিস্থাপন করা হল। এইভাবে গঠিত নতুন বর্ণগুচ্ছে কোন বর্ণটি ঠিক দু'বার উপস্থিত থাকবে?

Ans

✗ 1. C

✗ 2. D

✓ 3. B

✗ 4. O

Q.32 প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়? [দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

Ans

✓ 1. QU-LP

✗ 2. KO-FI

✗ 3. MQ-HK

✗ 4. OS-JM

Q.33 2026 সালের মার্চ মাসে, PM-STIAC ভারতের প্রযুক্তিগত বাস্তুতন্ত্রের (technology ecosystem) একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র হিসেবে অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং সিস্টেমস নিয়ে আলোচনা করেছিল। এই আলোচনার মূল উদ্দেশ্য কী ছিল?

Ans

✗ 1. উৎপাদন সংক্রান্ত গবেষণাকে প্রতিরক্ষা গবেষণাগারগুলির (defence labs) মধ্যে সীমাবদ্ধ রাখা

✗ 2. ভারতের রাষ্ট্রায়ত্ত খাতের কারখানার স্বয়ংক্রিয়করণ (factory automation) বৃদ্ধি করা

✓ 3. ভারতের উন্নত উৎপাদন সক্ষমতাকে (advanced manufacturing capabilities) শক্তিশালী করা

✗ 4. প্রযুক্তি ইউনিটগুলির জন্য রপ্তানি প্রণোদনা (export incentives) তৈরি করা

Q.34 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন। যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।

সংখ্যা/ চিহ্ন 8 2 @ ? % & 5 ! 1 *

সংকেত G D M B U L T I X C

শর্তাবলি –
(i) যদি প্রথম উপাদানটি একটি চিহ্ন হয়, তবে প্রথম এবং শেষ উপাদানের সংকেতগুলিকে পরস্পর বিনিময় করুন।
(ii) যদি দ্বিতীয় ও তৃতীয় উপাদান দু'টি চিহ্ন হয়, তবে তৃতীয় উপাদানটিকে দ্বিতীয় উপাদানের সংকেত হিসাবে সংকেতভুক্ত করুন।
(iii) যদি চতুর্থ উপাদানটি একটি চিহ্ন হয়, তবে চতুর্থ ও পঞ্চম উপাদানগুলিকে © হিসাবে সংকেতভুক্ত করুন।

নিচের সংখ্যাগুচ্ছটির সংকেত কী হবে?
82@?%

Ans

✗ 1. GDT©U

✓ 2. GDM©©

✗ 3. ©DMBU

✗ 4. GLMB©

Q.35 দিনের বেলায় উপত্যকা বায়ুপ্রবাহ প্রধানত কী কারণে পাহাড়ের ঢাল বেয়ে উপরের দিকে ওঠে?

Ans

✓ 1. উপত্যকা অঞ্চলের (valley floor) তুলনায় পাহাড়ের ঢাল দ্রুত উত্তপ্ত হয়।

✗ 2. পাহাড়ের ঢালের তুলনায় উপত্যকার অঞ্চল (valley floor) দ্রুত উত্তপ্ত হয়।

✗ 3. চাঁদের মহাকর্ষীয় টানে বায়ু উপরের দিকে উঠে যায়।

✗ 4. দিনের বেলা ঢাল থেকে অপেক্ষাকৃত শীতল বাতাস উপত্যকার দিকে নেমে আসে।

blackbook

Q.36 উপকূলীয় বাস্তুতন্ত্র এমন এক দূষণের হুমকির মুখে পড়েছে যা আণুবীক্ষণিক শৈবালকে ধ্বংস করে। এই বাস্তুতন্ত্রের স্থিতিশীলতার ওপর এর সম্ভাব্য প্রভাব কী হতে পারে?

Ans

✗ 1. মৃত জৈব পদার্থের দ্রুত বিয়োজন

✗ 2. উপকূলীয় অঞ্চলে মাটির উর্বরতা বৃদ্ধি

✓ 3. সামুদ্রিক জলে দ্রবীভূত অক্সিজেনের মাত্রা হ্রাস

✗ 4. উপকূলীয় উদ্ভিদগুলোর মধ্যে পরাগযোগের হার বৃদ্ধি

Q.37 একটি আলোক রশ্মি একটি আয়তাকার কাচের ফলকের মধ্য দিয়ে যায় এবং বাতাসে নির্গত হয়। আপতিত রশ্মির সঙ্গে নির্গত রশ্মিটি কীভাবে সম্পর্কিত?

Ans

✗ 1. এটি আপতিত রশ্মির মতো একই পথ অনুসরণ করে।

✗ 2. এটি আপতিত রশ্মির উপর লম্ব।

✓ 3. এটিতে আপতিত রশ্মির সমান্তরাল কিন্তু পার্শ্বীয়ভাবে স্থানান্তরিত।

✗ 4. এটি অভিলম্বের সঙ্গে আপতিত রশ্মির চেয়ে ভিন্ন একটি কোণ তৈরি করে।

Q.38 **যদি একই উপাদান দিয়ে তৈরি দুটি তারের দৈর্ঘ্যের অনুপাত 1 : 3 এবং প্রস্থচ্ছেদের ক্ষেত্রফলের অনুপাত 2 : 1 হয়, তবে তাদের রোধের অনুপাত কত হবে?**

Ans

✓ 1. 1 : 6

✗ 2. 3 : 6

✗ 3. 1 : 2

✗ 4. 3 : 2

Q.39 উদ্ভিদে সাইটোকাইনিনের ভূমিকা কী?

Ans

✗ 1. এটি কোশ বিভাজনে বাধা প্রদান করে

✗ 2. এটি মূলের বৃদ্ধি বাধাগ্রস্ত করে

✓ 3. এটি কোশ বিভাজন ত্বরান্বিত করে

✗ 4. এটি উদ্ভিদের নুইয়ে পড়ার কারণ হয়

Q.40 শিশুদের বৃদ্ধি ও বিকাশ নিয়ন্ত্রণকারী হরমোনটি কোন গ্রন্থি থেকে নিঃসৃত হয়?

Ans

✗ 1. অগ্ন্যাশয়

✓ 2. পিটুইটারি গ্রন্থি

✗ 3. অ্যাড্রিনাল গ্রন্থি

✗ 4. পিনিয়াল গ্রন্থি

Q.41 X এবং Y একটি ব্যবসায় 1 : 7 অনুপাতে মূলধন বিনিয়োগ করে। বছরের শেষে, মোট লাভের 20% একটি দাতব্য তহবিলে দান করা হয় এবং অবশিষ্ট লাভ X ও Y এর মধ্যে তাদের বিনিয়োগীকৃত মূলধনের অনুপাতে ভাগ করে দেওয়া হয়। যদি X লভ্যাংশ হিসেবে ₹1,932 পায়, তবে ব্যবসায় অর্জিত মোট লাভের পরিমাণ (₹ তে) নির্ণয় করুন।

Ans

✗ 1. 19,170

✗ 2. 19,270

✓ 3. 19,320

✗ 4. 19,420

Q.42 একটি নিস্তড়িৎ পরমাণু থেকে কীভাবে আয়ন গঠিত হয়?

Ans

✗ 1. আধান পরিবর্তনের জন্য পারমাণবিক নিউক্লিয়াসকে বিভক্ত বা সংযোজিত করে

✓ 2. প্রোটনের সংখ্যা অপরিবর্তিত রেখে ইলেকট্রন গ্রহণ বা বর্জন করার মাধ্যমে

✗ 3. নিউক্লিয়াসে প্রোটনের সংখ্যা বাড়িয়ে বা কমিয়ে

✗ 4. নিউক্লিয়াস থেকে নিউট্রন যোগ বা অপসারণ করে

black book

Q.43 কনডম এবং ভ্যাজাইনাল কভারের মতো প্রতিবন্ধক বা 'ব্যারিয়ার' গর্ভনিরোধক পদ্ধতির প্রধান কাজ কী?

Ans
- ✔ 1. এগুলো শুক্রাণুকে ডিম্বাণুর কাছে পৌঁছাতে বাধা দেয়
- ✘ 2. এগুলো জনন নালীর সমস্ত ব্যাকটেরিয়াকে ধ্বংস করে
- ✘ 3. এগুলো দেহের হরমোনের মাত্রা পরিবর্তন করে
- ✘ 4. এগুলো জরায়ুর আস্তরণে পরিবর্তন ঘটায়

Q.44 A, B, C, D, E, F এবং G প্রত্যেকের সপ্তাহের বিভিন্ন দিনে পরীক্ষা থাকে, যা একটি সপ্তাহের সোমবার থেকে শুরু হয়ে ওই সপ্তাহের রবিবার পর্যন্ত চলে। শুক্রবার B এর পরীক্ষা থাকে। E এবং B এর মাঝখানে মাত্র দুজনের পরীক্ষা থাকে। A এবং E এর মাঝখানে মাত্র চারজনের পরীক্ষা থাকে। C এর ঠিক পরেই F এর পরীক্ষা থাকে। সোমবার G এর পরীক্ষা নেই। G এবং D এর মাঝখানে কতজনের পরীক্ষা থাকে?

Ans
- ✘ 1. দুইজন
- ✘ 2. একজন
- ✔ 3. চারজন
- ✘ 4. তিনজন

Q.45 নিম্নোক্ত কোন কর্তৃপক্ষ ভারতে গ্রামসভার ক্ষমতা ও কার্যকারিতা নির্ধারণ করে?

Ans
- ✘ 1. ভারতের সংবিধান
- ✘ 2. ভারতীয় সংসদ
- ✘ 3. গ্রাম পঞ্চায়েত কর্তৃক প্রণীত বিধি
- ✔ 4. রাজ্য বিধানমন্ডল

Q.46 ABCD চতুর্ভুজের কোণগুলির মান $\angle A = 3x + 5°$, $\angle B = 4x - 3°$, $\angle C = 2x + 10°$, $\angle D = x + 8°$ হলে, $\angle A$ এর মান কত?

Ans
- ✘ 1. 127°
- ✘ 2. 110°
- ✔ 3. 107°
- ✘ 4. 117°

Q.47 13457829 সংখ্যাটির প্রতিটি অঙ্ককে বামদিক থেকে ডানদিকে ঊর্ধ্বক্রমে সাজানো হ'লে মূল সংখ্যার তুলনায় নতুন সংখ্যাটিতে কতগুলি অঙ্কের অবস্থান অপরিবর্তিত থাকবে?

Ans
- ✘ 1. একটিও নয়
- ✔ 2. দুইটি
- ✘ 3. তিনটি
- ✘ 4. একটি

Q.48 একটি সুষম ষড়ভুজের পরিসীমা 9 m হলে, এর ক্ষেত্রফল (m^2 এ) কত? (তিন দশমিক স্থান পর্যন্ত আসন্নমান)

Ans
- ✘ 1. 210.447
- ✘ 2. 8.545
- ✘ 3. 5.754
- ✔ 4. 5.846

Q.49 সরল করুন।

$$48 \div 6 + 3^2 \times 4 - (15 - 9) \times 2$$

Ans
- ✘ 1. 28
- ✔ 2. 32
- ✘ 3. 30
- ✘ 4. 26

black

Q.50 জলের রাসায়নিক সংকেত কী?

Ans
✗ 1. HO_2
✗ 2. H_2
✓ 3. H_2O
✗ 4. H_2O_2

Q.51 রমণের মাসিক আয় ₹71,800 হয়। সে তার আয়ের 7.5% সঞ্চয় করে। যদি তার আয় 35% বৃদ্ধি পায় এবং ব্যয় 40% বৃদ্ধি পায়, তাহলে তার সঞ্চয় _____ পাবে।

Ans
✗ 1. ₹1,434 বৃদ্ধি
✓ 2. ₹1,436 হ্রাস
✗ 3. ₹1,440 বৃদ্ধি
✗ 4. ₹1,431 হ্রাস

Q.52 ভাজক কলার কোষে সাধারণত বড় কোষগহ্বর থাকে না কেন?

Ans
✗ 1. কারণ, এগুলি মাটি থেকে খনিজ উপাদান শোষণ করে
✗ 2. কারণ, এগুলি বর্জ্য পদার্থ জমা রাখে
✓ 3. কারণ, বৃদ্ধির জন্য এগুলি ক্রমাগত বিভাজিত হয়
✗ 4. কারণ, এগুলি কোষকে শক্তি প্রদান করে

Q.53 চার অঙ্কের কোন বৃহত্তম সংখ্যাটিকে 11, 10 এবং 9 দিয়ে ভাগ করা হ'লে প্রতিক্ষেত্রে 8 ভাগশেষ থাকে?

Ans
✗ 1. 9898
✗ 2. 9900
✓ 3. 9908
✗ 4. 9918

Q.54 দু'টি সদৃশ ত্রিভুজ ABC এবং PQR এর পরিসীমা যথাক্রমে 48 cm এবং 60 cm। যদি BC = 16 cm হয়, তাহলে QR বাহুর দৈর্ঘ্য কত ?

Ans
✗ 1. 80 cm
✗ 2. 60 cm
✓ 3. 20 cm
✗ 4. 40 cm

Q.55 প্রদত্ত দু'টি সেটের প্রতিটিতে, প্রথম সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে দ্বিতীয় সংখ্যাটি পাওয়া যায়। একইভাবে, দ্বিতীয় সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে তৃতীয় সংখ্যাটি পাওয়া যায় এবং এইভাবে সেটের বাকি সংখ্যাগুলিও পাওয়া যায়। প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি প্রদত্ত সেটগুলির মতো অনুরূপ গাণিতিক কার্যক্রম(সমূহ) অনুসরণ করে?
(দ্রষ্টব্য: গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করার জন্য, দুই বা তিন অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা যাবে না। অর্থাৎ, যদি 37 এর পরে 10 থাকে, তাহলে 37 এর ক্ষেত্রে 3 + 7 গাণিতিক কার্যক্রমটি সম্পাদন করা যাবে না, কারণ দুই অঙ্ক বিশিষ্ট কোনো সংখ্যাকে তার উপাদান অঙ্কসমূহে বিভাজিত করা অনুমোদিত নয়।)
146 – 120 – 90 – 75;
130 – 104 – 74 – 59

Ans
✗ 1. 124 – 98 – 78 – 64
✗ 2. 108 – 72 – 42 – 27
✗ 3. 142 – 116 – 86 – 61
✓ 4. 134 – 108 – 78 – 63

Q.56 মান নির্ণয় করুন।
88 - {7 - (-48) ÷ (-16)}

Ans
✗ 1. 86
✗ 2. 82
✓ 3. 84
✗ 4. 88

Blackbook

Q.57 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন সংখ্যাটি বসবে?

16 30 25 39 34 ?

Ans
- ✗ 1. 29
- ✗ 2. 39
- ✓ 3. 48
- ✗ 4. 45

Q.58 একজন ল্যাবরেটরি প্রযুক্তিবিদ সমান দৈর্ঘ্য ও ব্যাসবিশিষ্ট দু'টি তার ব্যবহার করেন, যার মধ্যে একটি নাইক্রোম এবং অন্যটি সিলভারের তৈরি। অনুরূপ কার্যপরিবেশে, বর্তনীর রোধ কমাতে এবং তাপের অপচয় সর্বনিম্ন করতে, প্রতিস্থাপনের জন্য কোন উপাদানের তারটি বেছে নেওয়া উচিত?

Ans
- ✗ 1. সর্বনিম্ন গলনাঙ্কের যেকোনো উপাদান
- ✗ 2. সবচেয়ে উজ্জ্বল রঙের উপাদান
- ✗ 3. নাইক্রোম
- ✓ 4. সিলভার

Q.59 আয়নীয় যৌগগুলোর গলনাঙ্ক সাধারণত বেশি হয় কেন?

Ans
- ✗ 1. এদের পরমাণুগুলোর মধ্যে দ্বিবন্ধন বিদ্যমান
- ✗ 2. এগুলো পৃথক অণু নিয়ে গঠিত
- ✓ 3. এগুলোর আয়নগুলোর মধ্যে শক্তিশালী স্থির-তড়িৎ বল থাকে
- ✗ 4. এদের মধ্যে দুর্বল আন্তঃআণবিক বল কাজ করে

Q.60 দু'জন দৌড়বিদ একটি বৃত্তাকার পথের অভিন্ন বিন্দু থেকে একই সময়ে, অভিন্ন অভিমুখে যথাক্রমে 15 km/h এবং 12.5 km/h গতিবেগে দৌড় শুরু করে। তারা 12 মিনিট পর পুনরায় প্রথমবারের মতো একে অপরের সঙ্গে মিলিত হলে, বৃত্তাকার পথটির দৈর্ঘ্য কত মিটার?

Ans
- ✗ 1. 450
- ✗ 2. 400
- ✗ 3. 550
- ✓ 4. 500

Q.61 প্রদত্ত ক্রমটি দেখুন এবং নিচের প্রশ্নের উত্তর দিন।
(বামদিক) C Ω H & G L Y X N Ω + * λ $ A % & $ P Q K (ডানদিক)
যদি ক্রমটি থেকে সকল বর্ণকে বাদ দেওয়া হয়, তাহলে নিচের কোনটি বামদিক থেকে সপ্তম স্থানে থাকবে?

Ans
- ✗ 1. Ω
- ✗ 2. λ
- ✓ 3. $
- ✗ 4. +

Q.62 পরীক্ষাগারে অ্যাসিড ও ক্ষারকের মধ্যে পার্থক্য করার জন্য লিটমাস কাগজ কীভাবে ব্যবহৃত হয়, তা কোন বিবৃতিটি সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?

Ans
- ✓ 1. অ্যাসিড নীল লিটমাস কাগজকে লাল করে এবং ক্ষারক লাল লিটমাস কাগজকে নীল করে।
- ✗ 2. অ্যাসিড ও ক্ষারক লিটমাস কাগজের রঙের কোনো পরিবর্তন ঘটায় না।
- ✗ 3. অ্যাসিড ও ক্ষারক উভয়ই লিটমাস কাগজকে একই সময়ে উভয় রঙে পরিবর্তিত করে।
- ✗ 4. অ্যাসিড লাল লিটমাস কাগজকে নীল করে এবং ক্ষারক নীল লিটমাস কাগজকে লাল করে।

Q.63 EXTIRPATION শব্দটির প্রতিটি স্বরবর্ণকে (vowel) ইংরাজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার ঠিক পরবর্তী বর্ণ দিয়ে প্রতিস্থাপন করা হল এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) ইংরাজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার পূর্ববর্তী দ্বিতীয় বর্ণ দিয়ে প্রতিস্থাপন করা হল। এইভাবে গঠিত নতুন বর্ণগুচ্ছে কতগুলি বর্ণ ঠিক দু'বার উপস্থিত থাকবে?

Ans
- ✓ 1. তিনটি
- ✗ 2. চারটি
- ✗ 3. একটি
- ✗ 4. দুইটি

blackbook

Q.64 একটি দোকান প্রতিটি ₹500 দরে 3টি কুর্তা এবং প্রতিটি ₹700 দরে 2টি কুর্তা বিক্রি করে। প্রতিটি কুর্তার ভারযুক্ত গড় মূল্য কত?

Ans
- ✗ 1. ₹620
- ✗ 2. ₹550
- ✗ 3. ₹600
- ✓ 4. ₹580

Q.65 নিম্নলিখিত ডেটা সেটটির গড় থেকে গড় পার্থক্য (mean deviation from the mean) নির্ণয় করুন।

58, 65, 42, 66, 49, 59, 44, 45, 62, 60

Ans
- ✗ 1. 7
- ✗ 2. 7.7
- ✗ 3. 7.4
- ✓ 4. 8

Q.66 রাধা এবং মুরারির বর্তমান বয়সের পার্থক্য 17 বছর। এখন থেকে পাঁচ বছর আগে, তাদের বয়সের সমষ্টি ছিল 19 বছর। রাধা যদি মুরারির চেয়ে বড় হয়, তাহলে মুরারির বর্তমান বয়স (বছরে) নির্ণয় করুন।

Ans
- ✗ 1. 8
- ✗ 2. 12
- ✓ 3. 6
- ✗ 4. 5

Q.67 বৃষ্টির পর আকাশে রামধনুতে কেন রঙের একটি নির্দিষ্ট ক্রম দেখা যায়?

Ans
- ✓ 1. কারণ সূর্যের আলো জলবিন্দুগুলি দ্বারা তার উপাদান বর্ণগুলোতে বিচ্ছুরিত হয়
- ✗ 2. কারণ মেঘ বিভিন্ন রঙের আলো নিঃসরণ করে
- ✗ 3. কারণ বায়ুমণ্ডল সাতটি বর্ণ ছাড়া অন্য সব রঙ শোষণ করে নেয়
- ✗ 4. কারণ জলবিন্দুগুলি কেবল লাল আলো প্রতিফলিত করে

Q.68 একটি নিখুঁত উৎপাদন ল্যাবে, একটি সমতল ধাতব দণ্ডকে অনুভূমিকভাবে একটি কনভেয়র বেল্টের ওপরে রাখা হয়েছে। দণ্ডটির মধ্য দিয়ে উল্লম্বভাবে উপরের দিকে একটি শক্তিশালী, সুষম চৌম্বকক্ষেত্র প্রয়োগ করা হয়। যদি কনভেয়র বেল্টটি হঠাৎ পূর্বদিকে ত্বরিত হয় এবং দণ্ডটির মধ্য দিয়ে তড়িৎপ্রবাহ দক্ষিণদিকে হয়, তাহলে চৌম্বকক্ষেত্র এবং বেল্টের গতির কারণে দণ্ডটির ওপর প্রযুক্ত মোট বলের অভিমুখ কী হবে?

Ans
- ✗ 1. তড়িৎপ্রবাহের অভিমুখের বিপরীতে, পরীক্ষাগারের প্রবেশপথের দিকে
- ✗ 2. চৌম্বক ক্ষেত্রের অভিমুখ বরাবর নিচের দিকে
- ✗ 3. বেল্টের গতির সমান্তরালে, পূর্ব দিকে
- ✓ 4. চৌম্বকক্ষেত্র এবং তড়িৎপ্রবাহ উভয়ের সঙ্গে লম্বভাবে, বেল্টের পেছনের দেয়ালের দিকে

Q.69 ভারতীয় নৌবাহিনীর প্রধান বহুপাক্ষিক সামুদ্রিক মহড়া এক্সারসাইজ MILAN 2026, কোন যুদ্ধজাহাজে আয়োজিত সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে শেষ হয়েছে?

Ans
- ✗ 1. INS চেন্নাই
- ✓ 2. INS বিক্রান্ত
- ✗ 3. INS কলকাতা
- ✗ 4. INS বিক্রমাদিত্য

Q.70 নিচের কোনটি দ্রবণের একটি উদাহরণ?

Ans
- ✗ 1. ডালের সঙ্গে মেশানো চাল
- ✗ 2. লোহার গুঁড়োর সঙ্গে মেশানো বালুকণা
- ✗ 3. জলের সঙ্গে মেশানো তেল
- ✓ 4. জলে দ্রবীভূত সোডিয়াম ক্লোরাইড

black

Q.71 একজন পাইকারি বিক্রেতা একটি কুলার 10% লাভে একজন খুচরা বিক্রেতার কাছে বিক্রি করেন এবং খুচরা বিক্রেতা সেটি 12% লাভে একজন ক্রেতার কাছে বিক্রি করেন। ক্রেতা যদি কুলারটির জন্য ₹15,400 অর্থ পরিশোধ করে থাকেন, তবে পাইকারি বিক্রেতার জন্য কুলারটির ক্রয়মূল্য (₹ তে) কত ছিল?

Ans
- ✔ 1. 12,500
- ✘ 2. 13,500
- ✘ 3. 14,000
- ✘ 4. 13,000

Q.72 1991-পরবর্তী সময়ে ভারতে সরকারি খাতের উদ্যোগগুলির সংস্কার সাধনের জন্য নিচের কোন পদক্ষেপটি গ্রহণ করা হয়েছিল?

Ans
- ✘ 1. সরকারি খাতের উদ্যোগগুলিতে ভর্তুকি বৃদ্ধি
- ✘ 2. সরকারি খাতের উদ্যোগগুলিতে কর্মীসংখ্যা বৃদ্ধি
- ✔ 3. সরকারি ইক্যুইটির বিলগ্নীকরণ
- ✘ 4. বেসরকারি সংস্থাগুলির জাতীয়করণ

Q.73 অক্ষত বার্ষিক 10% চক্রবৃদ্ধি সুদের (অর্ধবার্ষিক দেয়) হারে ₹36,400 মূলধন 1 বছরের জন্য বিনিয়োগ করলে, তার প্রাপ্ত সমূল-চক্রবৃদ্ধি কত হবে?

Ans
- ✘ 1. ₹39,471
- ✔ 2. ₹40,131
- ✘ 3. ₹40,587
- ✘ 4. ₹40,873

Q.74 প্যারেনকাইমা কোশের প্রধান কাজ কী?

Ans
- ✘ 1. রোগকারকের বিরুদ্ধে সুরক্ষা দেওয়া
- ✘ 2. যান্ত্রিক দৃঢ়তা প্রদান করা
- ✔ 3. সঞ্চয় এবং সালোকসংশ্লেষ করা
- ✘ 4. জল পরিবহন করা

Q.75 শিবালিক পর্বতের পাদদেশে নুড়ি-পাথরের সঞ্চয়ে গঠিত যে সংকীর্ণ বলয়ে এসে, পাহাড়ি জলধারাগুলো ভূগর্ভে অদৃশ্য হয়ে যায়, তাকে কী বলা হয়?

Ans
- ✘ 1. ভাঙর
- ✘ 2. তরাই
- ✔ 3. ভাবর
- ✘ 4. খাদর

Q.76 উদ্ভিদ কলাগুলি সাধারণত প্রাণী কলাগুলির মতো চলনের জন্য বিশেষায়িত হয় না কেন?

Ans
- ✘ 1. উদ্ভিদের কোনো স্থায়ী কলা থাকে না।
- ✘ 2. উদ্ভিদ কলা বিভাজিত হতে পারে না।
- ✔ 3. উদ্ভিদের গমনের প্রয়োজন হয় না।
- ✘ 4. উদ্ভিদ কোষে কোষপর্দা থাকে না।

Q.77 দ্বৈত বহিঃরেখায় (double-outlined) আঁকা অবয়ব এবং ঘন পুষ্পশোভিত সীমানার জন্য পরিচিত মধুবনী চিত্রশিল্প ভারতের কোন রাজ্যে উদ্‌ভূত হয়েছিল?

Ans
- ✘ 1. ওড়িশা
- ✘ 2. মহারাষ্ট্র
- ✔ 3. বিহার
- ✘ 4. রাজস্থান

Blackboard

Q.78 একটি ডেলিভারি ড্রোন একটি গুদাম থেকে দূরবর্তী কোনো স্থানে সরলরৈখিক পথ বরাবর উড়ে যায়। পুরো যাত্রাপথে এর বেগ-সময় লেখচিত্রটি তিনটি সরলরেখাংশ নিয়ে গঠিত: প্রথমে, এটি স্থির অবস্থা থেকে 6 সেকেন্ড ধরে সুষমভাবে ত্বরিত হয়ে 12 মিটার প্রতি সেকেন্ড বেগে পৌঁছায়; এরপর পরবর্তী 8 সেকেন্ডের জন্য সেই বেগ বজায় রাখে; এবং সবশেষে 4 সেকেন্ডে সুষমভাবে মন্দিত হয়ে থেমে যায়। এই যাত্রায় ড্রোনটি মোট কত দূরত্ব অতিক্রম করে?

Ans
✗ 1. 96 মিটার
✗ 2. 120 মিটার
✗ 3. 108 মিটার
✓ 4. 156 মিটার

Q.79 ব্রায়োফাইটার তুলনায় ব্যক্তবীজী উদ্ভিদেরা শুষ্ক পরিবেশে বেঁচে থাকার জন্য অধিকতর উপযুক্ত হয় কেন?

Ans
✗ 1. কারণ, এরা ফুল উৎপন্ন করে
✗ 2. কারণ, এদের প্রকৃত মূল নেই
✗ 3. কারণ, এদের ক্রমাগত আর্দ্রতার প্রয়োজন হয়
✓ 4. কারণ, এদের পাতাগুলো সুঁচের মতো হয়

Q.80 উত্তরাঞ্চলীয় সমভূমিতে, দুটি নদীর মধ্যবর্তী উর্বর ভূখণ্ডকে স্থানীয়ভাবে _____ বলা হয়।

Ans
✗ 1. খাদর
✓ 2. দোয়াব
✗ 3. ভাবর
✗ 4. তরাই

Q.81 তিনজন ব্যক্তি A, B এবং C এর গড় ওজন 70 kg হয়। যখন অন্য একজন ব্যক্তি D এই দলে যোগ দেয়, তখন তাদের গড় ওজন 68 kg হয়। পরবর্তীতে, ব্যক্তি A এর পরিবর্তে ব্যক্তি E দলে যোগ দেয়, যার ওজন D এর চেয়ে 5 kg বেশি। এই পরিবর্তনের পর B, C, D এবং E এর গড় ওজন 70 kg হয়। ব্যক্তি A এর ওজন (kg তে) কত?

Ans
✗ 1. 60
✓ 2. 59
✗ 3. 65
✗ 4. 61

Q.82 প্রদত্ত ক্রমে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কী বসবে?

5 8 28 53 95 142 ?

Ans
✓ 1. 206
✗ 2. 197
✗ 3. 210
✗ 4. 194

Q.83 একটি ভাস্কর্যকে কোনো ভবনের ছাদের ওপরের উচ্চতায় তোলা হলো এবং তারপর ছাদে স্থাপন করা হলো। উত্তোলনের সময়কার সর্বোচ্চ বিন্দুর তুলনায়, স্থাপনের পর ভাস্কর্যটির মহাকর্ষীয় স্থিতিশক্তি _____।

Ans
✗ 1. উচ্চতার ওপর নির্ভরশীল নয়
✗ 2. বেশি
✓ 3. কম
✗ 4. সমান

Q.84 বিকল্পগুলি থেকে, নিচে প্রদত্ত জোড়া দু'টির মতো অনুরূপ বিন্যাস অনুসরণকারী জোড়াটি চয়ন করুন। উভয় জোড়া অনুরূপ বিন্যাস অনুসরণ করে।
EAP : GDM
HCN : JFK

Ans
✗ 1. OPF : QSB
✗ 2. DQJ : FSG
✓ 3. KDO : MGL
✗ 4. NIU : PLQ

Q.85 একজন ঋণগ্রহীতাকে 1.5% মাসিক চক্রবৃদ্ধি সুদের হারে 7টি সমান মাসিক কিস্তির মাধ্যমে ₹10,000 মূলধন পরিশোধ করতে হবে। সমস্ত কিস্তি পরিশোধের পর মোট প্রদত্ত অর্থের পরিমাণের নিকটতম মান কোনটি?

Ans
✗ 1. ₹11,000
✗ 2. ₹10,200
✓ 3. ₹10,600
✗ 4. ₹11,200

Q.86 একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,
'fast train arrives' কে লেখা হয় 'mz ca nh' হিসাবে,
'fast moves car' কে লেখা হয় 'xk za mz' হিসাবে এবং
'quickly train moves' কে লেখা হয় 'ca cf za' হিসাবে।
(সকল সংকেত কেবল দু'টি বর্ণ বিশিষ্ট।)

এই সাংকেতিক ভাষায় 'nh' বলতে কি বোঝায়?

Ans
✗ 1. train
✗ 2. car
✓ 3. arrives
✗ 4. fast

Q.87 ₹35,700 অর্থরাশিকে তিনটি অংশে এমনভাবে বিভক্ত করা হল, যাতে প্রথম অংশের অর্ধেক, দ্বিতীয় অংশের এক-চতুর্থাংশ এবং তৃতীয় অংশের এক-অষ্টাংশ সমান হয়। প্রথম অংশটি (₹ তে) নির্ণয় করুন।

Ans
✓ 1. 5,100
✗ 2. 4,800
✗ 3. 5,400
✗ 4. 5,000

Q.88 একটি বর্গক্ষেত্রের পরিসীমা 44 m হলে, এর ক্ষেত্রফল (m^2 তে) কত হবে?

Ans
✓ 1. 121
✗ 2. 104
✗ 3. 124
✗ 4. 132

Q.89 নিচে একটি প্রশ্ন এবং তারপরে (I) এবং (II) সংখ্যাযুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। আপনাকে নির্ধারণ করতে হবে যে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতিতে প্রদত্ত তথ্যসমূহ যথেষ্ট কিনা। বিবৃতিগুলি অধ্যয়ন করে সবচেয়ে উপযুক্ত উত্তরটি চয়ন করুন।
প্রশ্ন: পাঁচজন বন্ধু – কিরাত, রেয়াংশ, সামিকা, তুষার এবং উর্বিকা – একটি বৃত্তাকার টেবিলকে ঘিরে, টেবিলটির কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। রেয়াংশের ঠিক ডানদিকে কে বসে আছে?
বিবৃতি:
(I) কিরাত বসে আছে রেয়াংশের ডানদিকে দ্বিতীয় স্থানে।
(II) সামিকা বসে আছে রেয়াংশের বামদিকে দ্বিতীয় স্থানে।

Ans
✗ 1. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবে (বিবৃতি I অথবা বিবৃতি II এককভাবে নয়) প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট।
✗ 2. বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II তে প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।
✗ 3. বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I এ প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।
✓ 4. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবেও প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।

adda247

Q.90 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন বর্ণ-সংখ্যাগুচ্ছটি বসলে ক্রমটি যৌক্তিকভাবে সম্পূর্ণ হবে?
UAN −3 SEK 6 QIH −12 ? MQB −48

Ans
✗ 1. NNE 22
✗ 2. MME 22
✗ 3. ONE 24
✓ 4. OME 24

Q.91 2024 সালের 10 ফেব্রুয়ারি বার্ষিক 5% সুদের হারে ₹6,000 জমা করা হল এবং 2024 সালের 11 এপ্রিল তা তুলে নেওয়া হল। সরল সুদের পরিমাণ (₹ তে) নির্ণয় করুন। সুদ গণনা করার জন্য, জমা দেওয়ার তারিখটি বাদ দিন এবং অর্থরাশি তোলার তারিখটি অন্তর্ভুক্ত করুন। অধিবর্ষ (লিপ ইয়ার) 2024 সালের প্রকৃত দিন সংখ্যা ব্যবহার করুন।

Ans
✓ 1. 50
✗ 2. 48
✗ 3. 49
✗ 4. 51

Q.92 যদি cosec A + cot A = 3 হয়, তাহলে sin A এর মান নির্ণয় করুন।

Ans
✗ 1. $\frac{1}{5}$
✗ 2. $\frac{1}{3}$
✗ 3. $\frac{2}{5}$
✓ 4. $\frac{3}{5}$

Q.93 2026 সালের জুলাই মাসে অকল্যান্ডে অনুষ্ঠিত, 40 বছরের মধ্যে প্রথম কোনো ভারতীয় প্রধানমন্ত্রীর নিউজিল্যান্ড সফরের সময়, তৎকালীন কোন সরকারপ্রধান তাঁকে আতিথ্য প্রদান করেছিলেন?

Ans
✗ 1. অ্যান্টনি অ্যালবানিজ (Anthony Albanese)
✗ 2. উইনস্টন পিটার্স (Winston Peters)
✓ 3. ক্রিস্টোফার লাক্সন (Christopher Luxon)
✗ 4. ক্রিস্টোফার হিপকিন্স (Christopher Hipkins)

Q.94 9টি কর্ণ বিশিষ্ট একটি সুষম বহুভুজের বাহুর দৈর্ঘ্য 8 cm হলে, এর ক্ষেত্রফল কত হবে?

Ans
✗ 1. $84\sqrt{3}\ \text{cm}^2$
✗ 2. $72\sqrt{3}\ \text{cm}^2$
✗ 3. $64\sqrt{3}\ \text{cm}^2$
✓ 4. $96\sqrt{3}\ \text{cm}^2$

Q.95 একজন বিজ্ঞানী একটি পরমাণুতে বেশিরভাগ ফাঁকা স্থান দ্বারা বেষ্টিত একটি অতি ক্ষুদ্র ধনাত্মক আধানযুক্ত কেন্দ্র পর্যবেক্ষণ করেন। রাদারফোর্ডের মডেলের ভিত্তিতে কোন সিদ্ধান্তে উপনীত হওয়া যায়?

Ans
✓ 1. পরমাণুর একটি ঘন কেন্দ্রীয় নিউক্লিয়াস রয়েছে এবং ইলেকট্রনগুলি এটিকে কেন্দ্র করে প্রদক্ষিণ করে
✗ 2. পরমাণুর নিউক্লিয়াসের ভেতরে ইলেকট্রনগুলো অন্তর্নিহিত থাকে
✗ 3. পরমাণু হলো নিরেট গোলক, যার কোনো অভ্যন্তরীণ গঠন নেই
✗ 4. ধনাত্মক ও ঋণাত্মক আধানগুলো পরমাণু জুড়ে সুষমভাবে ছড়িয়ে থাকে

Q.96 মান নির্ণয় করুন।

$$\frac{2\cos^2 170^\circ - 2\sin^2 170^\circ}{\sin 140^\circ}$$

Ans
✗ 1. $\text{cosec } 70^\circ$
✗ 2. $\cos 70^\circ$
✗ 3. $\sin 70^\circ$
✓ 4. $\sec 70^\circ$

Q.97 একটি গ্রুপ ডেটার ক্লাস 0-10, 10-20, 20-30, 30-40 এবং ফ্রিকোয়েন্সি যথাক্রমে 5, 8, 12, 7 হলে, এর মধ্যমা কত?

Ans
✗ 1. 21.5
✗ 2. 24.5
✓ 3. 22.5
✗ 4. 23.5

Q.98 19তম শতাব্দীতে গতি লাভ করা নিচের কোন সমাজ সংস্কার আন্দোলনটি ব্রিটিশ শাসনের আর্থ-সামাজিক এবং সাংস্কৃতিক প্রভাবের একটি প্রত্যক্ষ প্রতিক্রিয়া ছিল?

Ans
✗ 1. অসহযোগ আন্দোলন
✗ 2. ভারত ছাড়ো আন্দোলন
✗ 3. খিলাফত আন্দোলন
✓ 4. ব্রাহ্ম সমাজ

Q.99 একজন মালি 350 N বল প্রয়োগ করে অনুভূমিকের সাথে 40° কোণ করে একটি বস্তাকে 12 m টেনে নিয়ে গেলেন। মালির দ্বারা কৃতকার্যের পরিমাণ কত?

Ans
✓ 1. 3220 J
✗ 2. 5000 J
✗ 3. 4200 J
✗ 4. 2690 J

Q.100 2026 সালের খেলো ইন্ডিয়া উইন্টার গেমস দু'টি পর্বে আয়োজিত হয়েছিল। লাদাখ পর্বে মূলত কোন বিভাগের ক্রীড়াগুলি অনুষ্ঠিত হয়েছিল?

Ans
✗ 1. কমব্যাট স্পোর্টস
✓ 2. আইস স্পোর্টস
✗ 3. ওয়াটার স্পোর্টস
✗ 4. বীচ স্পোর্টস

"

Black